

সুরক্ষিত স্কুল নীতির খসড়া দিল কমিশন

এই সময়: কখনও দেখা যাচ্ছে, স্কুলের শিশু-কিশোর পড়ুয়াদের হাতে অস্ত্র ধরিয়ে তাদের রাস্তায় নামিয়ে মিছিল করছে বিভিন্ন দল ও সংগঠন। আবার কখনও স্কুলের ভিতরেও যৌন নিগ্রহের শিকার হচ্ছে শিশুরা। এই ধরনের ঘটনা ঠেকাতে একটি স্বেচ্ছাসেবী সংগঠনকে সঙ্গে নিয়ে 'সেফ স্কুল পলিসি'র খসড়া তৈরি করল পশ্চিমবঙ্গ শিশু অধিকার সুরক্ষা কমিশন। মঙ্গলবার এক অনুষ্ঠানে ওই নীতির খসড়া স্কুল শিক্ষা দপ্তরের কর্তাদের হাতে তুলে দেওয়া হয়। রাজ্যের ১৩০টি স্কুল ঘুরে সেখানকার পড়ুয়াদের কী কী ধরনের সমস্যার মুখোমুখি হতে হচ্ছে,

তা খতিয়ে দেখেই এই খসড়া নীতি তৈরি করা হয়েছে। অনুষ্ঠানে উপস্থিত রাজ্যের শিশু ও সমাজকল্যাণমন্ত্রী শশী পাঁজা বলেন, 'উদ্যোগটি প্রশংসনীয়। আশা রাখব, সমস্ত স্কুলই এ সব নিয়ে

সেফ স্কুল পলিসি

ভাববে।' এই খসড়া নীতিতে মূলত প্রতিটি স্কুলে প্রয়োজনীয় নিরাপত্তার পাশাপাশি ছাত্রছাত্রীরা যাতে নির্ভয়ে ক্লাস করতে পারে, সেই বিষয়েই একটি নির্দেশিকা তৈরি করা হয়েছে বলে কমিশনের চেয়ারম্যান অনন্যা চক্রবর্তী জানিয়েছেন।